# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 18 May, 2025

পাঁচ বছর আগে ঢাকার দক্ষিণ কেরানীগঞ্জে ছয় বছরের এক শিশুকে ধর্ষণের দায়ে সজীব বেপারী নামে এক যুবককে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন ট্রাইব্যুনাল।

রবিবার (১৮ মে) ঢাকার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-৪ এর বিচারক মুন্সী মো. মশিয়ার রহমান আসামির উপস্থিতিতে এ রায় দেন। রায় শেষে সাজা পরোয়ানা দিয়ে তাকে কারাগারে পাঠানো হয়।

এ বিষয়ে সংশ্লিষ্ট ট্রাইব্যুনালের প্রসিকিউটর এরশাদ আলম (জর্জ) জানান, যাবজ্জীবন দণ্ডের পাশাপাশি সজীব বেপারীকে এক লাখ টাকা অর্থদণ্ড, অনাদায়ে আরও এক বছরের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে।আসামির স্থাবর বা অস্থাবর সম্পদ বিক্রি করে জরিমানার টাকা আদায় করে ভুক্তভোগী ও তার পরিবারকে দিতে ঢাকার জেলা ম্যাজিস্ট্রেটকে নির্দেশ দেওয়া হয়।

মামলার এজাহারে বলা হয়েছে, দুই সন্তানকে নিয়ে দক্ষিণ কেরানীগঞ্জে ভাড়া থাকতেন শিশুটির বাবা।২০২০ সালের ৫ মে তার বাবা রিকশা নিয়ে বের হয়ে যান।তার মা অন্যের বাসায় কাজে যান।

দুপুর ১২টার দিকে সজীব ভুক্তভোগী ও তার দুই বছরের ভাইকে বাসার সামনে থেকে নিজের বাসায় নিয়ে যায়।পরে শিশুটিকে ধর্ষণ করে। শিশুটি কান্নাকাটি করলে তাদের দুই জনকে বাসা থেকে বের করে দেয় সজীব।ভুক্তভোগী বিষয়টি তার মাকে জানায়।

পরে তার মা বাবাকে জানান।ওই বছরের ১৩ মে শিশুটিকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের ওসিসিতে ভর্তি করানো হয়।ওই দিন তার বাবা দক্ষিণ কেরানীগঞ্জ থানায় মামলা করেন। মামলা দায়েরের পর সজীবকে গ্রেফতার করে পুলিশ। সে আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দেয়।

পরে মামলাটি তদন্ত শেষে ওই বছরের ২৯ আগস্ট আদালতে অভিযোগপত্র দাখিল করেন একই থানার উপপরিদর্শক সঞ্জয় মালো।

ধর্ষণ যাবজ্জীবন কারাদণ্ড নারী ও শিশু নির্যাতন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 17:41

URL: https://timestodaybd.com/across-the-country/263223075